

রেজিস্টার্ড নং ডি এ-১



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ১৭, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিল্প মন্ত্রণালয়  
প্রজ্ঞাপন

তারিখ: ০২ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ/১৬ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস, আর, ও, নং ২২৭-আইন/২০২৬।—বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৭ নং আইন) এর ধারা ২১ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ইনস্টিটিউশনের সহিত পরামর্শক্রমে, বিগত ২৫ ফাল্গুন, ১৪০৯ বঙ্গাব্দ মোতাবেক ৯ মার্চ ২০০৩ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৬৯-আইন/২০০৩ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের তফসিলের কলাম (১) এ উল্লিখিত ক্রমিক নং ৪, ৫, ৬ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ৪, ৫, ৬ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

|    |                      |  |
|----|----------------------|--|
| ৪। | চিপস এন্ড ক্র্যাকারস | বিডিএস ১৫৫৬:২০১৭ (প্রথম রিভিশন)<br>অ্যামেন্ডমেন্ট-২:২০২৬ |
| ৫। | চানাচুর              | বিডিএস ১৫৬৪:২০১৬ (প্রথম রিভিশন)<br>অ্যামেন্ডমেন্ট-১:২০২৬ |
| ৬। | লাচ্ছা সেমাই         | বিডিএস ১৬২০:২০০০<br>অ্যামেন্ডমেন্ট-২:২০২৬”।              |

২। এই প্রজ্ঞাপন সরকারি গেজেটে প্রকাশের তারিখ হইতে পরবর্তী ২ (দুই) মাস সময়কাল অতিবাহিত হইবার পরের দিন হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আহসান মাহমুদ  
সহকারী সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(১৯৬৩৯)

মূল্য : টাকা ৪.০০